গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬(অংশ ১).৪২ তারিখ: পৌষ ১৪২৫ / জানুয়ারি ২০১৯

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর দ্বিতীয় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটি'-এর সভার কার্যবিবরণ।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | বেগম খালেদা পারভীন<br>অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ৬ জানুয়ারি ২০১৯, সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২। সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, প্রথমে আমাদের নিজ নিজ অবস্থান থেকে সততা ও নৈতিকতার সাথে নিজের উপর অর্পিত দায়িত্ব এবং কতর্ব্য যথাযথভাবে পালন করতে হবে। অতঃপর পারিপার্শ্বিক অবস্থান ও প্রতিষ্ঠানিক উন্নয়নের জন্য কাজ করলে সামগ্রিক উন্নয়ন সম্ভব হবে। তিন আরও বলেন, আমাদের অন্যতম লক্ষ্য নাগরিকের জন্য সার্বিক সেবা নিশ্চিত করা। এজন্য শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে আমাদের সকল প্রতিষ্ঠানের ভূমিকাকেই গুরুত্ব প্রদান করতে হবে। তিনি এ মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে পালনের উপর গুরুত্ব আরোপ করেন।

৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর প্রত্যেক প্রান্তিকের অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন।

৪। আলোচ্যসূচি (১): গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ:

৪.১ গত ৩ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর প্রথম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সকলকে অবহিত করা হলে কারও কোন আপত্তি/সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫। আলোচ্যসূচি(২): মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০১৮) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

৫.১ এ প্রসঙ্গে সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০১৮-১৯ মেয়াদের কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টার কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। তবে কর্মপরিকল্পনার ক্রমিক নম্বর ৭.৪, ৮.১ এর দপ্তর/সংস্থা পরিদর্শন কার্যক্রম এবং মন্ত্রণালয়ে নিয়োগ কার্যক্রম চলমান থাকায় বাস্তবায়ণ করা সম্ভব হয়নি। প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন, তথ্য অধিকার, ইগভর্নেন্স, সচেনতা বৃদ্ধি, আইন প্রণয়ন, উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজীকরণ বিষয়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় তা শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়ক ভুমিকা রাখবে। তবে ক্রমিক নম্বর ৬.২ এর বিষয়ে জানানো হয় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমের অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি ৯৫%। একসঙ্গে বেশ কয়েকটি নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করায় তা ১০০% বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বিস্তারিত আলোচনা শেষে দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে অনুমোদন প্রদান করা হয়।

অপর পাতায় দ্রষ্টব্য

৬. বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরও আন্তরিকতার সঙ্গে অগ্রণী ভুমিকা পালন করতে হবে;

৬.২ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ মেয়াদের কর্ম-পরিকল্পনার (NIS Work Plan) দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০১৮) বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত ছক অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে;

৬.৩ দপ্তর/সংস্থার দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০১৮) অগ্রগতির বিষয়ে চলতি মাসের তৃতীয় সপ্তাহে ফিডব্যক সভা আয়োজন করতে হবে।

৭. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
১৩.০১.২০১৯
( খালেদা পারভীন )
অতিরিক্ত সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬(অংশ ১).৬২ তারিখ: ৩০ পৌষ ১৪২৫ / ১৩ জানুয়ারি ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী, সিনিয়র সহকারী সচিব)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

৮৭

(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ সফিকুল আহম্মদ)
অতিরিক্ত সচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯১১২২৩২